**2 0 2 1**

( Held in 2022 )

# BENGALI

Paper : BEN–HC–3026

( Honours Course )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কোন্ ছন্দে ‘পয়ারের শোষণশক্তি’ লক্ষ্য করা যায়?

(খ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী ‘রাজপুত্র’ শব্দের মাত্রাসংখ্যা কয়টি?

(গ) শ্বাসাঘাতপ্রধান ছন্দের লয় কী?

(ঘ) “মুক্তবেণীর গঙ্গা যেথায় মুক্তি বিতরে রঙ্গে।” এই পংক্তিটিতে সর্বমোট কতগুলো পর্ব আছে?

(ঙ) “বৃষ্টিচ্ছলে গগন কাঁদিলা”—এখানে কোন্ অলংকার হয়েছে?

(চ) পূর্ণোপমা অলংকারে কয়টি অঙ্গ স্পষ্টভাবে উল্লিখিত থাকে?

(ছ) নিম্নরেখ শব্দে কোন্ অলংকার হয়েছে?

"ভারত ভারত খ্যাত আপনার গুণে"

(জ) রসের সংখ্যা কয়টি ?

(ঝ) শূন্যস্থান পূর্ণ করো :

"ধ্বনি বা ______ হচ্ছে কাব্যের আত্মা।"

(ঞ) আলংকারিকেরা কতগুলো প্রধান ভাব স্বীকার করেছেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) অক্ষরসংখ্যা নির্দেশ করো :

বিরহ, স্বরাগম।

(খ) একটি উদাহরণ দিয়ে ছেকানুপ্রাস অলংকারের স্বরূপ উল্লেখ করো।

(গ) সাঙ্গরূপক অলংকারের দুটি প্রকারভেদের নাম লেখো।

(ঘ) যে কোনো দুটি সঞ্চারীভাবের নাম উল্লেখ করো।

(ঙ) "স চ রসো রসীকরণযোগ্যঃ শেষাস্তু সংচারিণ ইতি ব্যাচক্ষতে।" শ্লোকাংশটি কার রচিত? এখানে কোন্ ভাবের কথা বলা হয়েছে?





৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ৫×৪=২০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো :

"হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে
এই ভারতের মহামানবের সাগরতীরে।"

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে,"

(গ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"নয়নে ফেলিত ছায়া—মেঘ নয়, তব কেশপাশ।"

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"অপলক নেত্র তার আলোকসুষমা
গণ্ডূষে সাগরসম করিল নিঃশেষ।"

(ঙ) উদাহরণ দিয়ে লক্ষণার্থ (শব্দের) কাকে বলে বুঝিয়ে দাও।

(চ) গুণীভূত ব্যঙ্গকাব্য কী তা উদাহরণ দিয়ে বোঝাও।

৪। (ক) ধ্বনিপ্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো : ২×৫=১০

অক্ষর, পর্ব, মাত্রা, চরণ, পদ।

৫। (ক) শব্দালংকার কাকে বলে? উদাহরণসহ তোমার পঠিত শব্দালংকারগুলোর পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) রূপক অলংকার কাকে বলে? কত প্রকার রূপক অলংকার আছে? প্রত্যেক প্রকারের একটি করে উদাহরণ দিয়ে রূপক অলংকারের স্বরূপ বুঝিয়ে দাও। ৩+১+৬=১০

৬। (ক) রসাত্মক কাব্যে বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের ভূমিকা সম্পর্কে আলোকপাত করো। ১০

*অথবা*

(খ) 'কাব্যের আত্মা হচ্ছে ধ্বনি'—উদাহরণ দিয়ে ধ্বনির স্বরূপ ব্যাখ্যা করো।

৭। (ক) সংজ্ঞা নির্দেশ করে যে কোনো দুই জোড়া অলংকারের পার্থক্য দেখাও : ৫×২=১০

(১) শ্লেষ এবং যমক

(২) সন্দেহ এবং উৎপ্রেক্ষা

(৩) অপহ্নুতি এবং সমাসোক্তি

*অথবা*

(খ) ''কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয় কাব্যপাঠকের মন।'' রসবাদের আলোকে এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

★★★